কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়।
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০০.০০০০.০৯৮.০৩.০০১.৯৮.৫৩৭**

**তারিখ :** ২৫ ভাদ্র ১৪২৫ / ০৯ সেপ্টেম্বর ২০১৮

**বিষয় : সিড প্রমোশন কমিটির ৮৫তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

সিড প্রমোশন কমিটির সভাপতি ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ মহোদয়ের সভাপতিত্বে ০৪-০৯-২০১৮ তারিখে অনুষ্ঠিত **সিড প্রমোশন কমিটির ৮৫তম** সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ক) ৮৫তম সভার কার্যবিবরণী (মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

০৯.০৯.১৮

**(মো: আজিম উদ্দিন)**
প্রধান বীজতত্ত্ববিদ
ও
সদস্য সচিব
ফোন/ফ্যাক্স : ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১. সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা;
০২. যুগ্মসচিব (গবেষণা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩. যুগ্মসচিব (সম্প্রসারণ) কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪. পরিচালক (সরেজমিন উইং), ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
০৫. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
০৬. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ঢাকা;
০৭. মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা;
০৮. বিভাগীয় প্রধান, সীড সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ, বাকৃবি, ময়মনসিংহ- ২২০২;
০৯. পরিচালক, টেকনোলজি ট্রান্সফার ও মনিটরিং ইউনিট, বিএআরসি, খামারবাড়ি, ঢাকা;
১০. পরিচালক (গবেষণা), বারি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১১. পরিচালক (কৃষি), বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭;
১২. পরিচালক (গবেষণা), ব্রি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১৩. পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগারক্রপ রিসার্চ ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা;
১৪. পরিচালক (গবেষণা), বিনা, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০২;
১৫. সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫ সিদ্দিক বাজার, ঢাকা-১০০০।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৪। মহাপরিচালক, বীজ অনুবিভাগ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। অফিস কপি/মাস্টার ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moa.gov.bd

## "সিড প্রমোশন কমিটি"র ৮৫তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| **সভাপতি** | : আশ্রাফ উদ্দিন আহমেদ, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয় |
| **সভার তারিখ** | : ০৪ সেপ্টেম্বর ২০১৮ |
| **সময়** | : সকাল ১১.০০টা |
| **স্থান** | : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| **উপস্থিতি** | : পরিশিষ্ট-'ক' |

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ জানান। সহকারী বীজতত্ত্ববিদ জনাব মানিক চন্দ্র কর্মকার সভার কার্যপত্র অনুযায়ী বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১। সিড প্রমোশন কমিটি-এর ৮৪তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

**আলোচনা :** জাতীয় বীজ বোর্ডের সিড প্রমোশন কমিটি-এর ৮৪তম সভা ১০/০৫/২০১৮ তারিখে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ২২/০৫/২০১৮ তারিখে ১২.০০.০০০০.০৯৮.০৩.০০১.৯৮.২৬৮ সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়। অদ্যাবধি এ বিষয়ে কোনো মতামত পাওয়া যায়নি বিধায় কার্যবিবরণীটি নিশ্চিত করা যেতে পারে।

**সিদ্ধান্ত:** সিড প্রমোশন কমিটির ৮৪তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য বিষয় ২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

| বিষয় | সিদ্ধান্ত ও পর্যালোচনা | অগ্রগতি |
|---|---|---|
| আসন্ন ২০১৮-১৯ উৎপাদন মৌসুমে আমন ধান, ডাল ও তৈল ফসলের জাতওয়ারি প্রজনন, ভিত্তি, প্রত্যায়িত এবং মানঘোষিত বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | ১। বিভিন্ন প্রতিষ্ঠানের সরবরাহযোগ্য প্রজনন বীজ হতে বিএডিসি'র প্রজনন বীজের চাহিদা পূরণের পর অবশিষ্ট বীজ বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে তাদের আবেদনের ভিত্তিতে বন্টন করতে হবে। | গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ প্রজনন বীজ নিয়মানুসারে বিতরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। |
| | ২। বিএডিসি'র চাহিদা অনুযায়ী ব্রি ও বিনা'র নিকট যে সকল জাতের ধানের প্রজনন বীজ পর্যাপ্ত পরিমাণে নেই; সে সব ক্ষেত্রে ভিত্তি শ্রেণির বীজ হতে ভিত্তি বীজ উৎপাদন করে বিএডিসি'র বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা ঠিক রাখতে হবে। | বিএডিসি সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করেছে মর্মে সভাকে অবহিত করেন। |
| | ৩। সাম্প্রতিক সময়ে অবমুক্ত ধানের নতুন জাতের কৃষক পর্যায়ে চাহিদা সৃষ্টির লক্ষ্যে ডিএইকে প্রদর্শনী প্লট করতে হবে। প্রদর্শনী প্লটের জন্য বিএডিসি, ব্রি, বিনা ও অন্যান্য উৎস হতে প্রয়োজনীয় বীজ সংগ্রহ করে তা থেকে ভিত্তি বীজ উৎপাদন করবে। | কৃষক পর্যায়ে চাহিদা সৃষ্টির লক্ষ্যে ডিএই'র নতুন অবমুক্ত জাতের প্রদর্শণী প্লট স্থাপনের কাজ চলমান রয়েছে। |
| | ৪। অবমুক্ত আমন ধানের নতুন জাতের ভিত্তি বীজ বিএডিসি উৎপাদন করে প্রদর্শনী প্লটের জন্য ডিএইকে সরবরাহ করবে। ডিএই উক্ত বীজ প্রণোদনা ও Adoption বাজেট বরাদ্দের টাকা থেকে বিএডিসি হতে ক্রয় করে প্রদর্শণী প্লট স্থাপন করবে। | |
| | ৫। আমন ধান, ডাল ও তৈল ফসলের জাতওয়ারি ভিত্তি, প্রত্যয়িত এবং মানঘোষিত বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | বিএডিসি সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করেছে মর্মে সভাকে অবহিত করেন। |

**আলোচ্য বিষয় ৩। ২০১৮-১৯ মৌসুমে মিনি টিউবার, প্রি-ফাউন্ডেশন, ভিত্তি, প্রত্যয়িত ও মানঘোষিত শ্রেণির বীজ আলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**

**আলোচনা:** বিএডিসি ২০১৮-১৯ মৌসুমে নিজস্ব খামারে ৫,৭৪,০০০ সংখ্যক প্লান্টলেট ব্যবহার করে ৪০.১৮ মে.টন মিনি টিউবার এবং ৩৪.৮০ মে.টন মিনি টিউবার ব্যবহার করে ৫৪২.৭৫ মে.টন প্রি-ফাউন্ডেশন বীজআলু উৎপাদন করবে। ৫৪৪.৪৮ মে.টন প্রি-ফাউন্ডেশন বীজ আলু ৬৪৭.১৩ একর জমিতে ৪,৫২৯.৯১ মে.টন ভিত্তি শ্রেণির বীজআলু উৎপাদন করবে। এছাড়া চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ২২,১০২.৩১ মে.টন প্রত্যায়িত শ্রেণির বীজআলু উৎপাদন করবে। ৮,২৮৩.৭৪ মে.টন মানঘোষিত শ্রেণির বীজআলু ৩.০০ মে.টন সিডলিং টিউবারসহ মোট ৮,২৯৬.৭৫ (০৫ কেজি টিপিএসসহ) মে.টন মানঘোষিত শ্রেণির বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়।

**সিদ্ধান্ত:** ২০১৮-১৯ মৌসুমে বিএডিসি'র মাধ্যমে ৪০.১৮ মে.টন মিনি টিউবার, ৫৪২.৭৫ মে.টন প্রি-ফাউন্ডেশন ও ৪,৫২১.৯১ মে.টন ভিত্তি এবং চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে ২২,১০২.৩১ মে.টন প্রত্যয়িত এবং ৮,২৯৬.৭৬ মে.টন মানঘোষিত শ্রেণিসহ মোট ৩৫,৫১১.৯১ মে.টন বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো।

**আলোচ্য বিষয় ৪। ২০১৮-১৯ মৌসুমে টিপিএস উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**

**আলোচনা:** বিএডিসি প্রতি বছর ডোমার ভিত্তি বীজ উৎপাদন খামারে টিপিএস (প্রকৃত আলু বীজ) উৎপাদন করে। ২০১৮-১৯ মৌসুমে বিএডিসি'র মাধ্যমে ৫(পাঁচ) কেজি টিপিএস (প্রকৃত আলু বীজ) উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রস্তাব করেছে।

**সিদ্ধান্ত:** ২০১৮-১৯ মৌসুমে বিএডিসি'র মাধ্যমে ৫(পাঁচ) কেজি টিপিএস (প্রকৃত আলু বীজ) উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো।

**আলোচ্য বিষয় ৫। ২০১৮-১৯ মৌসুমে টিসিআরসি হতে ৮৮.০০ মে.টন প্রজনন/প্রি-ফাউন্ডেশন বীজ আলু সংগ্রহ।**

**আলোচনা:** ২০১৮-১৯ মৌসুমে টিসিআরসি, বারি বিভিন্ন জাতের প্রায় ৩০০মে.টন প্রজনন/প্রি-ফাউন্ডেশন শ্রেণির বীজআলু উৎপাদন করবে। তন্মধ্যে বিএডিসিতে সরবরাহের পর টিসিআরসি হতে অবশিষ্ট বীজ আলু বিভিন্ন ব্যক্তি, বেসরকারি প্রতিষ্ঠানে বিতরণ করা হয়।

**সিদ্ধান্ত:** (১) ২০১৮-১৯ মৌসুমে টিসিআরসি, বিএডিসিকে নিম্নবর্ণিত ছক মোতাবেক ১০০.০০মে.টন প্রজনন/প্রি-ফাউন্ডেশন শ্রেণির বীজআলু সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো:

| ক্রম | জাত | বীজের পরিমাণ | ক্রম | জাত | বীজের পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | বারিআলু-৭ (ডায়মন্ট) | ৩০.০০ মে.টন | ৮ | বারিআলু-৪৬ | ১.০০ মে.টন |
| ২ | বারিআলু-২৫ (এস্টারিক্স) | ৫০.০০ মে.টন | ৯ | বারিআলু-৫৩ | ১.০০ মে.টন |
| ৩ | বারিআলু-৩৫ | ২.০০ মে.টন | ১০ | বারিআলু-৭২ | ২.০০ মে.টন |
| ৪ | বারিআলু-৩৬ | ২.০০ মে.টন | ১১ | বারিআলু-৭৩ | ২.০০ মে.টন |
| ৫ | বারিআলু-৩৭ | ২.০০ মে.টন | ১২ | বারিআলু-৭৮ | ২.০০ মে.টন |
| ৬ | বারিআলু-৪০ | ২.০০ মে.টন | ১৩ | বারিআলু-৭৯ | ২.০০ মে.টন |
| ৭ | বারিআলু-৪১ | ২.০০ মে.টন | | | |
| | | | | | মোট: ১০০.০০ মে.টন |

(২) নতুন ১১টি জাতের (ক্রম ৩-১৩) প্রি-ফাউন্ডেশন বীজ দ্বারা বিএডিসি কর্তৃক উৎপাদিত ভিত্তি বীজ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সংগ্রহ করবে এবং জাত সমূহের চাহিদা সৃষ্টি করার জন্য প্রদর্শনী প্লট স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

(৩) লেট ব্লাইট রোগ প্রতিরোধী বারি আলুর নতুন জাতের অধিক সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপনের জন্য বীজ উৎপাদন করতে হবে।

**আলোচ্য বিষয় ৬। ২০১৮-১৯ মৌসুমে বেসরকারি কোম্পানি হতে ৬.০০ মে.টন প্রি-ফাউন্ডেশন বীজ আলু সংগ্রহ।**

**আলোচনা:** বেসরকারি প্রতিষ্ঠান গ্লোবাল এগ্রো রিসোর্সেস-এর এটলাস ও পামেলা এবং জায়ান্ট এগ্রো প্রসেসিং লি: এর সার্পোমেরা জাতগুলো কৃষক পর্যায়ে জনপ্রিয় হওয়ায় পরীক্ষামূলকভাবে কিছু প্রি-ফাউন্ডেশন শ্রেণির বীজ আলু বিএডিসি'র মাধ্যমে আবাদ করা যেতে পারে। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি'র

সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এটলাস, পামেলা ও সার্পোমেরা প্রতিটি জাতের ২.০০ মে.টন করে মোট ৬.০০ মে.টন মে.টন প্রি-ফাউন্ডেশন শ্রেণির বীজ আলু সংগ্রহ করার প্রস্তাব করেছে।

**সিদ্ধান্ত:** ২০১৮-১৯ মৌসুমে বিএডিসি'র মাধ্যমে বেসরকারি কোম্পানি গ্লোবাল এগ্রো রিসোর্সেস হতে এটলাস, পামেলা এবং জায়ান্ট এগ্রো প্রসেসিং লি: সার্পোমেরা; প্রতিটি জাতের ২.০০ মে.টন করে মোট ৬.০০ মে.টন মে.টন প্রি-ফাউন্ডেশন শ্রেণির বীজ আলু সংগ্রহ করার জন্য বিএডিসি'র প্রস্তাব অনুমোদন করা হলো।

**আলোচ্য বিষয় ৭। ২০১৮-১৯ মৌসুমে টিসিআরসি, বারি'র প্রজনন/প্রি-ফাউন্ডেশন বীজ আলুর উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**

**আলোচনা:** টিসিআরসি, বারি দেবীগঞ্জে অবস্থিত নিজস্ব খামারের মাধ্যমে প্রজনন/প্রি-ফাউন্ডেশন বীজ উৎপাদন করে থাকে। টিসিআরসি কর্তৃক ২০১৮-১৯ মৌসুমে প্রজনন/প্রি-ফাউন্ডেশন বীজ আলু উৎপাদনের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো।

**সিদ্ধান্ত:** ২০১৮-১৯ মৌসুমে টিসিআরসি বারি'র নিম্নবর্ণিত ছক মোতাবেক ৪২৮ মে.টন প্রজনন/প্রি-ফাউন্ডেশন বীজ আলু উৎপাদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো:

| ক্রম | জাত | বীজের পরিমাণ | ক্রম | জাত | বীজের পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | বারিআলু-৭ (ডায়মন্ট) | ১২০ মে.টন | ১৪ | বারিআলু-৪৭ | ৫ মে.টন |
| ২ | বারিআলু-৮ (কার্ডিনাল) | ৩৫ মে.টন | ১৫ | বারিআলু-৪৮ | ২ মে.টন |
| ৩ | বারিআলু-১৩ (গ্রানোলা) | ১ মে.টন | ১৬ | বারিআলু-৪৯ | ১ মে.টন |
| ৪ | বারিআলু-২৫ (এস্টারিক্স) | ১২৫ মে.টন | ১৭ | বারিআলু-৫০ | ১ মে.টন |
| ৫ | বারিআলু-২৭ | ১ মে.টন | ১৮ | বারিআলু-৫৬ | ১ মে.টন |
| ৬ | বারিআলু-২৮ (লেডিরোসেটা) | ৫ মে.টন | ১৯ | বারিআলু-৫৭ | ১ মে.টন |
| ৭ | বারিআলু-২৯ (কারেজ) | ১৮ মে.টন | ২০ | বারিআলু-৫৩ | ২০ মে.টন |
| ৮ | বারিআলু-৩৫ | ১২ মে.টন | ২১ | বারিআলু-৬২ | ৪ মে.টন |
| ৯ | বারিআলু-৩৬ | ১২ মে.টন | ২২ | বারিআলু-৬৩ | ৩ মে.টন |
| ১০ | বারিআলু-৩৭ | ১২ মে.টন | ২৩ | বারিআলু-৭২ | ৯ মে.টন |
| ১১ | বারিআলু-৪০ | ১২ মে.টন | ২৪ | বারিআলু-৭৩ | ৮ মে.টন |
| ১২ | বারিআলু-৪১ | ১২ মে.টন | ২৫ | বারিআলু-৭৮ | ১.৫ মে.টন |
| ১৩ | বারিআলু-৪৬ | ৫ মে.টন | ২৬ | বারিআলু-৭৯ | ১.৫ মে.টন |
| | | | | | মোট: ৪২৮ মে.টন |

**আলোচ্য বিষয় ৮। আগামী ২০১৮-১৯ মৌসুমের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বীজ আলুর চাহিদা।**

**আলোচনা:** কৃষি সম্প্রসারণ অধিদপ্তর তাদের বিভিন্ন জেলা উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের নিকট হতে চাষি পর্যায়ে বিভিন্ন জাতের বীজ আলুর চাষাবাদের তথ্য সংগ্রহ করে ২০১৮-১৯ মৌসুমে নিম্নবর্ণিত জাতের মোট ২,০৮,১৯২.০১ মে.টন বীজ আলুর চাহিদা নিরূপন করে:

| ক্রম | জাত | বীজের পরিমাণ | ক্রম | জাত | বীজের পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | বারিআলু-৭ (ডায়মন্ট) | ৭৯,৭৯৩ মে.টন | ১২ | বারিআলু-৪৬ | ১৫ মে.টন |
| ২ | বারিআলু-৮ (কার্ডিনাল) | ৪৭,০৯২ মে.টন | ১৩ | বারিআলু-৫৩ | ১৫ মে.টন |
| ৩ | বারিআলু-১৩ (গ্রানোলা) | ৩২,১৬৬ মে.টন | ১৪ | বারিআলু-৬৫ (রোসাগোল্ড) | ৮১ মে.টন |
| ৪ | বারিআলু-২৫ (এস্টারিক্স) | ৩১,৩৬৮ মে.টন | ১৫ | বারিআলু-৭৫ | ২০ মে.টন |
| ৫ | বারিআলু-২৮ (লেডিরোসেটা) | ২,৩২৬ মে.টন | ১৬ | মেরিডিয়ান | ১৮৩ মে.টন |
| ৬ | বারিআলু-২৯ (কারেজ) | ৫,৭৫৯ মে.টন | ১৭ | মুল্টা | ১,০৭০ মে.টন |
| ৭ | বারিআলু-৩১ সাগিতা | ২,৬৪৭ মে.টন | ১৮ | লরা | ২০৯ মে.টন |
| ৮ | বারিআলু-৩৭ | ৩৯৭ মে.টন | ১৯ | বারিআলু-৩৫, ৪৬ ও অন্যান্য | ৩,৫৭৩ মে.টন |
| ৯ | বারিআলু-৩৯ বেলিনি | ৭৩৫ মে.টন | ২০ | সিডলিং টিউবার | ১ মে.টন |
| ১০ | বারিআলু-৪১ | ৪৭৫ মে.টন | ২১ | টিপিএস | ০.০১ মে.টন |
| ১১ | বারিআলু-৪৩ এটলাস | ২৪৭ মে.টন | | | |
| | | | | | মোট: ২,০৮,১৯২.০১ মে.টন |

সভায় প্রধান বীজতত্ত্ববিদ জনাব মো: আজিম উদ্দিন জানান কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন জেলার উপপরিচালকগণ বিএডিসি'র বীজ বিপণন বিভাগে কর্মরত সিনিয়র সহকারী পরিচালক/ উপপরিচালক হতে তথ্য নিয়ে বীজের বাস্তসম্মত চাহিদা নিরূপণ করতে পারেন।

**সিদ্ধান্ত:** (১) বিএডিসি'কে বাস্তবসম্মত চাহিদার ভিত্তিতে বীজ আলু উৎপাদন ও বিতরণ করতে হবে। অবশিষ্ট বীজ আলু বেসরকারি প্রতিষ্ঠান ও কৃষকের নিজস্ব বীজ দিয়ে চাহিদা পূরণ করতে হবে।

(২) মাঠ পর্যায়ে বীজের বাস্তসম্মত চাহিদা নিরূপনের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালকগণ বিএডিসি'র বীজ বিপণন বিভাগে কর্মরত সিনিয়র সহকারী পরিচালক/ উপপরিচালক হতে তথ্য নিয়ে বস্তুনিষ্ঠ চাহিদা তৈরি করবেন। বিভিন্ন জেলার বীজের চাহিদা পরিচালক সরেজমিন উইং, ডিএই একীভূত করে জাতীয় চাহিদা তৈরি করবেন।

**আলোচ্য বিষয় ৯। বিবিধ।**

**(ক) আগামী তিন বছরের নিয়ন্ত্রিত ফসলের বীজের চাহিদা, উৎপাদন ও বিতরণের প্রক্ষেপণ।**

**আলোচনা:** চাষি পর্যায়ে সুষ্ঠুভাবে গুণগত মানসম্পন্ন বীজ সরবরাহ রাখার লক্ষ্যে নিয়ন্ত্রিত ফসলের আগামী ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ সালের বীজের চাহিদা, উৎপাদন ও বিতরণের কর্মপরিকল্পনা প্রণয়ন করা আবশ্যক।

**সিদ্ধান্ত:** (১) আগামী ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ সালের নিয়ন্ত্রিত ফসলের (ধান, গম, আখ, আলু, পাট, মেস্তা ও কেনাফ) বীজের চাহিদা, উৎপাদন ও বিতরণের কর্মপরিকল্পনা প্রণয়ন করার জন্য পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

(২) পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বিএডিসি, ব্রি, বারি, বিজেআরআই এবং বিএসএ-এর প্রতিনিধি নিয়ে সভা করে আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে বীজের চাহিদা, উৎপাদন ও বিতরণের কর্মপরিকল্পনা প্রণয়ন করে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(৩) বাংলাদেশ সিড এসোসিয়েশনকে বেসরকারি প্রতিষ্ঠানের আগামী ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ সালের নিয়ন্ত্রিত ফসলের বীজের চাহিদা, উৎপাদন ও বিতরণের কর্মপরিকল্পনা আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

**(খ) সিড প্রমোশন কমিটির সভার কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড।**

**আলোচনা:** জাতীয় বীজ বোর্ডের সিড প্রমোশন কমিটি জাতীয় পর্যায়ে বীজের চাহিদা, উৎপাদন ও বিতরণের কর্মপরিকল্পনা তৈরির গুরুত্বপূর্ণ কমিটি। সুতরাং সিড প্রমোশন কমিটির সভার সিদ্ধান্তসমূহ সংরক্ষণ করা প্রয়োজন।

**সিদ্ধান্ত:** (১) সিড প্রমোশন কমিটির সভার কার্যবিবরণী কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। বিএডিসি বিগত সকল সভার কার্যবিবরণীর হার্ডকপি ও সফটকপি কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

(২) মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি সিড প্রমোশন কমিটির বিগত সময়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সংগ্রহ করে পুস্তিকা আকারে প্রকাশ কবে, এতে কৃষিবিদ শাহজাহান আলী এবং বীজ অনুবিভাগের প্রতিনিধি সার্বিক সহযোগীতা করবে।

সভাপতি সিড প্রমোশন কমিটির ৮৫তম সভায় উপস্থাপনের নিমিত্ত প্রাক-সভা আয়োজন করে সভার কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি-সহ সংশ্লিষ্ট সকলকে কমিটির পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পরবর্তীতে সিড প্রমোশন কমিটির সকল সভার পূর্বে সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসিকে প্রাক-প্রস্তুতিমূলক সভা আয়োজনের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

পরিশেষে সভাপতি আলোচনায় অংশগ্রহণ করে গুরুত্বপূর্ণ মতামত প্রদানের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আশ্রাফ উদ্দিন আহমেদ
সভাপতি
সিড প্রমোশন কমিটি ও
মহাপরিচালক, বীজ অনুবিভাগ
কৃষি মন্ত্রণালয়।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## সিড প্রমোশন কমিটির ৮৫তম সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষরের তালিকা

বিষয় : সিড প্রমোশন কমিটির ৮৫তম সভা
তারিখ : ০৪-০৯-২০১৮ খ্রি:, সময় : সকাল ১১.০০ টা
স্থান : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
সভাপতি : অতিরিক্ত সচিব ও মহাপরিচালক (বীজ অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়

| ক্র: নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মো: ফারুক জাহিদুল হক | মহাব্যবস্থাপক (বীজ) বিএডিসি | ০১৯৯৮-৭৭০০১৬ gmseed@badc.gov.bd | [signature] ০৪/৯/১৮ |
| ২ | মো: মজিবুর রহমান | অতি: প্রকল্প পরিচালক (আলু বীজ) | 01717-807193 agm.cdpcrops@gmail.com | [signature] ০৪/৯/১৮ |
| ৩ | Md. Shahjahan Ali | Advisor Bangladesh Seed Association (BSA) | 01730013391 alliedmsali@yahoo.com | [signature] 4/9/2018 |
| ৪ | মো: মেহেদুল হাসান প্রধান | ব্যবস্থাপক (কর্মসূচি) মহাব্যবস্থাপক (পাট) দপ্তর বিএডিসি | ০১৭২০১৬৮৪৭৯ | [signature] ০৪.০৯.২০১৮ |
| ৫ | মো: রফিকুল ইসলাম | পিএসও (উদ্ভিদ প্রজনন) বিএআরআই, | ০১৭২১২৬৬৬৮৪৬ | [signature] ৪/৯/২০১৮ |
| ৬ | ড. মো: আকতার হোসেন খান | উপব্যবস্থাপক (কর্মসূচি) | ০১৮১৬১৭৫২৭৭ dahkhan70@gmail.com | [signature] ৪/৯/২০১৮ |
| ৭ | ড. মো: রেজাউল করিম | যুগ্ম পরিচালক বিএডিসি | 01713201041 m.r.karimbadc@gmail.com | [signature] ৪/৯/১৮ |
| ৮ | সুশীল চন্দ্র ঘোষ | যুগ্ম পরিচালক (মা:নি:) বিএডিসি | 01711-452054 Joint director qc@gmail.com | [signature] ৪/৯/১৮ |
| ৯ | [illegible] | উপপরিচালক (মাননিয়ন্ত্রণ) | 01712932229 ddqcbadc@gmail.com | [signature] ৪/৯/১৮ |
| ১০ | মোহাম্মদ গোলাম মাওলা | ফার্ম ব্রডকাস্টিং অফিসার কৃষি তথ্য সার্ভিস | fbo@ais.gov.bd 01716806171 | [signature] 04.09.18 |
| ১১ | মো: নুরুল আমীন চৌধুরী | উপ পরিচালক (চলতি দায়িত্ব) বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | ০১৭১৭২৪৫৯৪৪ | [signature] ০৪/০৯/১৮ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | ড. মো. মাহমুদুর রহমান | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, [illegible], বিজেআরআই | [illegible]<br>mahmudurbsri@gmail.com | 4/9 |
| ১৩ | কাজী মো: সাইফুল ইসলাম | অতিরিক্ত পরিচালক (উৎপাদন), সরেজমিন উইং, খামারবাড়ি, ঢাকা | 01720888688<br>krishisaiful@gmail.com | 04.09.18 |
| ১৪ | ড. ফাওজিয়া ইয়াসমিন | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাকৃতিক সম্পদ ও [illegible], বিএআরসি, ফার্মগেট, ঢাকা | 01711-017671<br>f.yasmin@barc.gov.bd | 04.09.18 |
| ১৫ | মো: ইকবাল হোসেন | মহা ব্যবস্থাপক (পাটবীজ), বিএডিসি, ঢাকা | 01714-162464<br>gmjuteseed@badc.gov.bd | 4/09/18 |
| ১৬ | ড. তপন কুমার পাল | পরিচালক, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর | 01712-264764<br>dir.tcrc@bari.gov.bd | |
| ১৭ | ড. হোসনে আরা বেগম | পরিচালক (গবেষণা), বিনা, ময়মনসিংহ | 01711884298<br>dir.research.bina.gov.bd | 4.9.18 |
| ১৮ | মো: [illegible] | পরিচালক, এসসিএ, গাজীপুর | 01720692466 | 4.9.18 |
| ১৯ | ড. [illegible] | পরিচালক (চলতি), [illegible] | 01715382323 | 04/09/18 |
| ২০ | মো: [illegible] | প্রধান বীজ তত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় | 01556344463 | 4/9/18 |
| ২১ | মুহাম্মদ নেয়ামুল নাসির | সহকারী বীজ তত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় | 01913471802<br>neamulseed@gmail.com | 04.9.18 |
| ২২ | এ,কে,এম [illegible] | প্রকল্প পরিচালক (ডাল ও তৈলবীজ) | 01716-293309 | 04/09/18 |
| ২৩ | পরিতোষ হাজরা, উপসচিব, মনিটরিং-২ শাখা | মনিটরিং-০২ শাখা, কৃষি মন্ত্রণালয় | paritoshhajra@gmail.com<br>01711906111 | 04/09/18 |
| ২৪ | ড. মো. আব্দুল খালেক | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বীজ প্রযুক্তি বিভাগ, বারি | makhaleque[illegible]@gmail.com | 04/09/18 |
| ২৫ | মানিক চন্দ্র কর্মকার | সহকারী বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় | mckarmoker@gmail.com<br>01718 018710 | 04.09.18 |
| ২৬ | | | | |